# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==================================================

(১) লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর প্রয়াণ দিবস রাজ্যজুড়ে লোককল্যাণ দিবস হিসেবে পালিত/ কাছাড় জেলার পাঁচজনকে রাজ্যস্তরের কর্মশ্রী পুরস্কার প্রদান/

(২) বরাক উপত্যকার তিন জেলায় এই দিবস উপলক্ষে জেলাস্তরের এগারোজনকে কর্মচারীকে লোকসেবা পুরস্কার প্রদান/

(৩) পূর্ব নাগাল্যান্ডর মন জেলায় আলফা স্বাধীনের তিনজন উগ্রপন্থীর আত্মসমর্পণ/

এবং

(৪) কাছাড় জেলার দুটি স্থান থেকে বিশাল পরিমাণ নেশাযুক্ত সামগ্রী উদ্ধার/ পাঁচজন সরবরাহকারীকে গ্রেপ্তার/

---

ভারতরত্ন সম্মানে ভূষিত লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর প্রয়াণ দিবস আজ রাজ্যজুড়ে লোককল্যাণ দিবস হিসেবে পালন করা হয়েছে । ২০২২ সাল থেকে আসাম সরকারের উদ্যোগে এই দিনটি লোককল্যাণ দিবস হিসেবে পালন করা হচ্ছে । এই উপলক্ষে গুয়াহাটির শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে নন-গ্যাজেটেড কর্মচারীদের তাদের উৎকৃষ্ট সেবার জন্যে রাজ্য ও জেলা পর্যায়ের লোকসেবা পুরস্কার প্রদান করা হয়েছে । এছাড়া বেশকয়েকজন আধিকারিককে প্রশাসনিক কাজকর্মে প্রদর্শন করা পারদর্শিতার জন্য কর্মশ্রী পুরস্কার প্রদান করা হয় । চলতি বছরে ৬৯ জন কর্মচারীকে রাজ্য ও জেলা পর্যায়ে লোকসেবা পুরস্কার সমূহ প্রদান করা হয়েছে । রাজ্য পর্যায়ে অগ্নি এবং জরুরিকালীন সেবা বিভাগের প্রধান অঙ্কুর নারায়ণ দাস, মুখ্যমন্ত্রী কার্যালয়ের

মাল্টি টাস্কিং স্টাফ বীর বাহাদুর রায়, ক্রীড়া ও যুবকল্যাণ সঞ্চালকালয়ের প্রবীণ সহায়ক চিন্ময় বরা, অর্থ বিভাগের সহকারী শাখা আধিকারিক দীপজ্যোতি বানিয়া সহ দশজন কর্মচারীকে রাজ্য পর্যায়ে লোকসেবা পুরস্কার প্রদান করা হয়েছে । এদিকে কাছাড় জেলা থেকে পাঁচজন বাস্তুকার ও আধিকারিক রাজ্যস্তরে ২০২৪-২৫এর কর্মশ্রী পুরস্কার পেয়েছেন । তারা হচ্ছেন- পূর্ত গ্রামীণ সড়ক বিভাগের শিলচর-উধারবন্দ টেরিটোরিয়্যাল ডিভিশনের কার্যবাহী বাস্তুকার অনিরুদ্ধ নাগ, আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানী লিমিটেড'এর কাছাড় ইলেকট্রিক্যাল সার্কেলের মুখ্য কার্যবাহী আধিকারিক আবু জাহিদ মোহাম্মদ সুলেমান, শিলচর ইলেক্ট্রিক্যাল ডিভিশন- ওয়ান'এর সহকারী জেনারেল ম্যানেজার অরূপ পাল, কাছাড় জেলার প্রকল্প আধিকারিক অরিজিৎ দাস এবং শিলচর ইলেক্টরিক্যাল ডিভিশন-টু'এর সহকারী জেনারেল ম্যানেজার বাপি দাস । আজ শঙ্করদেব কলাক্ষেত্রের অনুষ্ঠানে তাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে ।

অনুরূপভাবে ৫৯ জন কর্মচারীকে জেলা পর্যায়ের লোকসেবা পুরস্কার প্রদান করা হয়েছে । শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রের শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে আয়োজিত লোককল্যাণ দিবসের অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী রণজিৎ কুমার দাস মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে পুরস্কার সমূহ প্রদান করেন।

এদিকে রাজ্যের বিভিন্ন জেলায় আয়োজিত লোককল্যাণ দিবসের কার্যসূচীতে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর প্রতি শ্রদ্ধা জানানো হয় । আজকের অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, নন্দিতা গারলোসা, মুখ্য সচিব রবি কোটা, রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । মন্ত্রী রণজিৎ কুমার দাস এরপর গুয়াহাটির শিলপুখুরীতে থাকা গোপীনাথ বরদলৈর প্রতিমূর্তিতে পুষ্পাঞ্জলি অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে লোক কল্যাণ দিবস পালন করা হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে লোক কল্যাণ দিবস উপলক্ষ্যে নিরলস ও নিষ্ঠার সঙ্গে কাজের স্বীকৃতি স্বরূপ জেলার দুই প্রবীণ প্রশাসনিক সহায়ক বিক্রমজিৎ চক্রবর্তী ও তুষার কান্তি দে , দপ্তরী আনন্দ দাস এবং স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক কার্যালয়ের প্রবীণ সহায়ক হেমাঙ্গ বড়োকে

জেলাস্তরের পুরষ্কার স্বরূপ ২৫ হাজার টাকা , প্রশংসা পত্র প্রদান করা হয় এবং চাকুরীর মেয়াদ এক বছর বৃদ্ধি করা হয়েছে ।
এ উপলক্ষ্যে আয়োজিত সভায় জেলা আয়ুক্ত মৃদুল যাদব বলেন যে লোক সেবা পুরষ্কার শুধুমাত্র কোন সম্মান নয় , এটি হচ্ছে কর্তব্যপরায়নতা , নিষ্ঠা ও জনভরসার প্রতীক ।

---

শ্রীভূমি জেলায়ও আজ জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত লোক কল্যান দিবসের অনুষ্ঠানের শুরুতে গোপীনাথ বরদলৈর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । এরপর তাঁর জীবনের বিভিন্ন দিক নিয়ে শ্রীভূমি জেলা উন্নয়ন কর্তৃপক্ষের সভাপতি বিশ্বরূপ ভট্টাচার্য , প্রবীণ সাংবাদিক হবিবুর রহমান চৌধুরী , জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক মুন গগৈ , অতিরিক্ত আয়ুক্ত আনিস রসুল মজুমদার প্রমুখ বক্তব্য রাখেন । এবছর জেলা আয়ুক্তের কার্যালয়ের নাজির সুব্রত নারায়ন দেব , গাড়ি চালক আব্দুল রহমান এবং সহকারী কৃষি পরিদর্শক বিদ্যুৎ কান্তি পালকে জেলা আয়ুক্ত শ্রী দ্বিবেদী জেলাস্তরের লোক সেবা পুরষ্কার প্রদান করেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে লোক কল্যান দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত আলোচনা সভায় গোপীনাথ বরদলৈর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আজকের লোক কল্যাণ দিবসে জেলাস্তরে চার জন প্রবীণ জেলা প্রশাসনিক সহকারী- পংকজ কুমার দত্ত , বিকাশ সূত্রধর , পার্থ নাথ এবং দিলীপ রায়কে পুরস্কৃত করা হয়েছে । পুরষ্কার হিসেবে নগদ ২৫ হাজার টাকা এবং একটি শংসা পত্র তুলে দেওয়া হয়েছে এবং তাদের চাকুরী জীবন এক বছর বৃদ্ধি করা হবে ।

---

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন যে সরকার বিগত ১১ বছরে কৃষকের আয় বৃদ্ধির জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে । আজ লোকসভায় পরিপূরক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন যে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির অন্থধীনে কৃষকদের বেংক একাউন্টে চার লক্ষ কোটি টাকা সরসরি হস্তান্তর করা হয়েছে । তিনি বলেন যে সরকার কৃষকদেরকে সারের ওপর ১৪ লক্ষ কোটি টাকারও অধিক ভর্তুকি প্রদান করেছে ।

---

এন ডি এ'র সংসদীয় দলের বৈঠক আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং , স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , বিজেপির জাতীয় সভাপতি জে পি নাড্ডা সহ এন ডি এ'র সাংসদরা উপস্থিত ছিলেন । বৈঠকে আপারেশন সিন্দুর এবং অপারেশন মহাদেবের সাফল্যের জন্য প্রধানমন্ত্রীকে সম্বর্ধনা জানানো হয় । এই অভিযান সমুহের সাফল্যের জন্য এন ডি এ সাংসদরা সর্বসম্মতভাবে একটি প্রস্তাব গ্রহণ করে সশস্ত্রবাহিনীর ভূমিকার প্রশংশা করেন । এবং পহেলগাম সন্ত্রাসবাদী আক্রমণে নিহতদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।

--------------------------------------------------------------------------------------

পূর্ব নাগাল্যান্ডের মন জেলার অন্তর্গত মনয়াকচু রাজস্বচক্রের চাংলাংচ গ্রামে আলফা স্বাধীনের তিনজন সদস্য আজ আত্মসমর্পন করেছে । আকাশবাণীর চরাইদেও সংবাদদাতা সেনা বাহিনীর গোয়েন্দা শাখার উদ্ধৃতি দিয়ে জানিয়েছেন যে আত্মসমর্পনকারী তিনজন আলফা স্বাধিন সদস্যের মধ্যে একজন চরাইদেও জেলার , একজন কার্বি-আংলংয়ের এবং অপরজন তিনশুকিয়া জেলার ।

--------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় নিষিদ্ধ ড্রাগ্স সরবরাহের বিরুদ্ধে অভিযান চালিয়ে কাছাড় পুলিশ বিশাল পরিমাণ নেশাযুক্ত সামগ্রী বাজেয়াপ্ত করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল জেলায় চালানো দুটি পৃথক অভিযানে এই সামগ্রী সমূহ উদ্ধার করা হয়েছে । শিলচর পুলিশ থানার অর্ন্তগত সোনাবাড়ীঘাট অঞ্চলে গতকাল প্রথমে অভিযান চালিয়ে ১৮টি সাবানের কেস'এ লুকিয়ে রাখা প্রায় ২১৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়েছে । এদিকে লক্ষ্মীপুর পুলিশ থানার অর্ন্তগত মারকিউলিন অঞ্চলে দ্বিতীয় অভিযান চালিয়ে কুড়ি হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। এই দুটি অভিযানে কাছাড় পুলিশ দুটি গাড়িও বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে । ঘটনগুলির সঙ্গে জড়িত সন্দেহে মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে । উদ্ধার হওয়া সমগ্রী সমূহের বাজারমূল্য প্রায় সাত কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে । উভয় মামলার তদন্ত প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে কাছাড়ের সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানিয়েছেন । তিনি বলেন,

#বাইট#

--------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রনালয় প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনার জন্য অব্যাহত থাকা বিশেষ পঞ্জীয়ন অভিযান আগামী ১৫ ই আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করেছে ।

অঙ্গনওয়াড়ি ও আশাকর্মীদের নেতৃত্বে চলা এই অভিযানের লক্ষ্য হচ্ছে সব যোগ্য গর্ভবতী মহিলা ও স্তন্যদায়ী মায়েদের পাশে যাওয়া তথা এই যোজনার অধীনে সময়মতো তাদের পঞ্জীয়ন নিশ্চিত করা ।

---------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় কর্কট এফ সি দল ১-০ গোলে মাছখাল এফ সি দলকে পরাজিত করে ।

বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় খুলিছড়া এফ সি খেলবে ডিব্রু হসম ক্লাব শেওরাতলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------